Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বহু স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

মহারাজা, রাজা, মহামহোপাধ্যায় পণ্ডিত, জজ, ম্যাজিষ্ট্রেট ও বহু অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী কেশ তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট গুণে ও গন্ধে অতুলনীয়।

মূল্য প্রতি শিশি ১৲ এক টাকা।

চ্যবনপ্রাশ ৴১ সের (৮০ তোলা) ১০৲

বাতের তৈল প্রতি শিশি ২॥০ টাকা

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
ও কবিরাজ শ্রীআদ্যাপ্রসন্ন গাঙ্গুলী, কবিরঞ্জন
সোণামুখী ভবন, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১লা শ্রাবণ বুধবার ১৩৫৮ ইংরাজী 18th July. 1951 { ১০ম সংখ্যা।

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

মুল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

১লা শ্রাবণ বুধবার সন ১৩৫৮ সাল।

## নির্ব্বাচনের স্বস্তিবাচন

'বাঙ্গালা' আর 'বাঙ্গালোর' পরস্পরের দূরত্ব ভারতের এ প্রান্ত হইতে ও প্রান্ত হইলেও দুই স্থানের উচ্চারণগত পার্থক্য খুব কম। সকলেই বলে এবং সময় সময় স্বীকারও করে যে কোন অদৃশ্য শক্তির অদৃশ্য হস্ত বেশ সামঞ্জস্য রাখিয়া অভিনব ঘটনা ঘটাইয়া মানবগণকে চমৎকৃত করিয়া থাকে।

নিখিল ভারত কংগ্রেস কমিটী যখন নির্ব্বাচনী তোড়জোর করার উদ্দেশ্যে বাঙ্গালোরে তাহার অধিবেশন আরম্ভ করিলেন, যে অধিবেশনে ভারতের প্রধান মন্ত্রী লিখিত সুদীর্ঘ রিপোর্ট এবং ন্যাশনাল প্ল্যানিং কমিশন প্রদত্ত প্রায় ৩।৪ সের ওজনের ভারী রিপোর্ট (যে রিপোর্ট দুটী নামে রিপোর্ট কিন্তু কাজে ইলেকৃসন্ প্রোপাগাণ্ডা ছাড়া আর কিছুই নয়) দাখিল ও আলোচিত হয়, ঠিক সেই সময়েই বাঙ্গালার চন্দননগরে মিউনিসিপাল এসেম্‌ব্লির নির্ব্বাচনে কংগ্রেসের ভাগ্য পরীক্ষা হইয়া গেল। চন্দননগরে ৫টী ওয়ার্ডে প্রত্যেক ওয়ার্ডে ৫টী করিয়া সিট্। মোট ২৫ জন সদস্য নির্ব্বাচিত হইবে। নির্ব্বাচন দ্বন্দ্বে নামিল (১) কংগ্রেস (২) লোকসেবক ও প্রজা পার্টি (কৃপালনী প্রভৃতির কৃষি-মজদুর-প্রজা পার্টি নয়) (৩) সম্মিলিত প্রগ্রেসিভ দল।

প্রাতঃকাল ৬টা হইতে বৈকাল ৬টা পর্য্যন্ত প্রতিদ্বন্দ্বিতা করার পর কংগ্রেস দল "নির্ব্বাচনে দুর্নীতি হইতেছে" এই দোষ দিয়া রণে পৃষ্ঠ প্রদর্শন করে। লোকসেবক দল ও প্রজা পার্টি পৃষ্ঠ প্রদর্শন না করিলেও তাহারা সম্মিলিত প্রগ্রেসিভ দলের প্রার্থিগণের নিকট প্রভূতঃ ভোটে পরাজিত হইয়াছে ২৫টী পদেই সম্মিলিত দল নির্ব্বাচিত হইয়াছে।

বাঙ্গালোরের অধিবেশনের সঙ্গে সঙ্গেই কংগ্রেসের এই শোচনীয় ভাগ্য বিপর্য্যয় দেখিয়া এক অন্ধ আর এক খোঁড়ার কলা চুরির গল্প মনে পড়ে—এক অন্ধ আর এক খোঁড়া দুজনে এক জোট হইয়া এক বাগানে কলা চুরি করিবার মতলব করিয়া একখানি মই সংগ্রহ করিল। অন্ধ চোখে দেখে না, সে তো কোন্ গাছে কলা আছে কি না আছে, তা দেখতে পাবে না। কলা কাটার পর সে কাঁদি মাথায় করিয়া বহিয়া আনিবে। ভাগ সমান সমান। উভয়েই মইখানি ঘাড়ে করিয়া বাগানে প্রবেশ করিল। আগে চলে খোঁড়া, মইখানির টানে অন্ধ ঠিক তার পেছনে চলিল। কলা ঝাড়ের কাছে গিয়া অন্ধ একটু তফাতে দাঁড়াইয়া থাকিল। খোঁড়া একটী কাঁদি দেখিয়া সেই ঝাড়ে মই লাগাইয়া প্রায় অর্দ্ধেক মই উঠিয়াছে, এমন সময়ে খোঁড়ার বক্র-ভাবে উঠার দরুণ ভারকেন্দ্র ঠিক না থাকায় "সড়াক ধুম" শব্দ করিয়া বেচারী মাটিতে পড়িল। দূরে দণ্ডায়মান অন্ধ তখন তাহাকে বাহবা দিয়া বলিয়া উঠিল—"বলিহারী ভাইরে! গাছে উঠ্‌তে না উঠ্‌তেই এক কাঁদি!"

কংগ্রেসের এই নির্ব্বাচনে পতনও ঠিক তাই। বাঙ্গালোরে কত তোড়জোর, কত মুসাবিদা, কত বক্তৃতা, সঙ্গে সঙ্গে বাঙ্গালায় সেই খোঁড়ার মত "সড়াক ধুম!" এই নির্ব্বাচন পরিদর্শন করার জন্য সদর হইতে কংগ্রেসের উচ্চপদাধিষ্ঠিত রাজকুমার উপস্থিত ছিলেন। আবার শোনা যাইতেছে ৺শরৎচন্দ্র বসুর পরলোক গমনে দক্ষিণ কলিকাতার শূন্য স্থান পূরণ জন্য এবং উত্তর কলিকাতার শ্রীযুক্ত হেমন্তকুমার বসুর ইস্তফা দেওয়া পদের জন্য শীঘ্রই ইলেক্‌সনী বাজনা বাজিবে।

"কাজ কি মোদের কথাতে
দাঁড়িয়ে দেখি তফাতে।"

## পরলোকগমন

গত ৩০শে আষাঢ় রবিবার বৈকালে জঙ্গিপুর ফৌজদারী আদালতের হেড ক্লার্ক শ্রীকাশীনাথ সরকার মহাশয় হঠাৎ হৃদ্‌যন্ত্রের ক্রিয়া বন্ধ হওয়ায় পরলোকগমন করিয়াছেন। মৃত্যু সংবাদ পাইবা মাত্র মহকুমা ম্যাজিষ্ট্রেট, সাব-ম্যাজিষ্ট্রেট, সাব-ডেপুটী-ম্যাজিষ্ট্রেট ও ফৌজদারী অফিসের কর্ম্মচারি-গণ এবং পরিচিত জনগণ তাঁহার বাসায় সমবেত হন। তিনি শান্ত-প্রকৃতির লোক ছিলেন। তাঁহার ব্যবহারে সকলেই মুগ্ধ হইতেন। সোমবার ফৌজ-দারী অফিসে এক শোক সভার অধিবেশন হয়। সভায় মহকুমা ম্যাজিষ্ট্রেট মহোদয় সরকার মহাশয়ের সরকারী কার্য্যে কর্ত্তব্যপরায়ণতা উল্লেখ করিয়া বক্তৃতা করেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিবার-গণের শোকে সমবেদনা জ্ঞাপন করিতেছি।

## ডাকাতি

কিছুদিন পূর্ব্বে রঘুনাথগঞ্জ থানায় তেঘরী ইউ-নিয়নের সাহাজাদপুরে শ্রীমধুবনবিহারী পাঁড়ের আথড়ায় এক ডাকাতি হইয়াছে। ডাকাতগণ বাড়ীর লোকদের ভীষণভাবে প্রহার করিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

## নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ১ম মুন্‌সেফী আদালত

নিলামের দিন ১৩ই আগষ্ট ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

১৬১ থাং ডিঃ পার্ব্বতীচরণ দত্ত দিং দেং সঞ্জয় ঘোষ দিং দাবি ২৬।৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ৩০ শতকের কাত ৬।/০ আঃ ১০, খং ৩৬১ রায়ত স্থিতিবান তদুপারস্থিত দেওয়ালিয়া খেড়ী ঘর ও পোক্তা ঘর এবং টাটীর ঘর, চাল ছাপ্পর চৌকাঠ কপাট জানালা ভীর বরগা ইট কাঠ নওয়া জিমা সহ

১৫৮ থাং ডিঃ লুটবিহারী দত্ত দিং দেং মহা-মুদ্দিন সেখ দাবি ২৭।৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে

সোনাটিকুরী ৬৮ শতকের কাত ৪॥৵৬ পাই আঃ ২৲ থং ৩৪০

১৪৯ থাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং তারেশ সেখ দিং দাবি ২৯॥৶৩ থানা সুতী মৌজে হারুয়া ১১৯ শতকের কাত ১॥/৭ আঃ ৫৲ থং ২৯২

১৫০ থাং ডিঃ ঐ দেং বাহার সেখ দিং দাবি ৩৩॥৶৯ মৌজাদি ঐ ৫৩৬ শতকের কাত ২॥২ পাই আঃ ৫৲ থং ২৫৯

২০ মনি ডিঃ বলরাম সাহা নাবালক দিং দেং শৈলেশকুমার সাহা নাবালক দিং দাবি ৩১০৸৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ৬২ শতকের কাত ৪৵০ আঃ ১০০৲ থং ১১২০ কোর্ফা স্বত্ব

---

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১০ই সেপ্টেম্বর ১৯৫১

#### ১৯৫১ সালের ডিক্রীজারী

১৪১ থাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দেং দুর্গাদাস ঘোষ দাবি ৩১৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীপুর ১২ শতকের কাত ২৲ আঃ ২৫৲ থং ১৬৮৫

৭০ থাং ডিঃ করিমান্নেসা বিবি দেং আমিনান্নেসা বিবি দাবি ৪০৸/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধলো ৪-১৪ শতকের কাত ১৩৲ আঃ ৩০৲ থং ২২৪

২৩৬ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং নলিনাক্ষ রায় দিং দাবি ২৯৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ১-০৮ শতকের কাত ৪।/১০ আঃ ৫০৲ থং ৭৩ (ক)

২৯১ থাং ডিঃ লাবণ্যলতা দাসী দেং সরলাবালা বর্ম্মণ্যা দিং দাবি ১৯॥৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দোনলিয়া ৪২ শতকের কাত বৃদ্ধিসহ ১॥৪ পাই আঃ ৫৲ থং ২০৯ রায়ত স্থিতিবান

২৯০ থাং ডিঃ ঐ দেং আব্বাস সেখ দাবি ১১৶৬ মৌজাদি ঐ ২৪ শতকের কাত ১৻৪ আঃ ৫৲ থং ২১২ রায়ত স্থিতিবান

৮৩ থাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং আসিমান নেসা বিবি দাবি ৪৯৸৶৯ থানা সুতী মৌজে হারুয়া ৯২৮ শতকের কাত ১৯॥৶৫ আঃ ২৫৲ থং ৪৬ রায়ত স্থিতিবান

১৮৪ থাং ডিঃ মহারাজ কুমার সিতাংশুকান্ত আচার্য্য বাহাদুর দেং গদাধর দাস দিং দাবি ৩১।৵৯ থানা সুতী মৌজে কালুপুর ৩৷০ বিঘার কাত ৩৷০ আঃ ২০৲ থং ১১২ রায়ত স্থিতিবান

২৪ থাং ডিঃ ঐ দেং তাজেমান মণ্ডল দিং দাবি ১৩॥/৯ থানা ঐ মৌজে সুরপুর ॥১ কাঠার কাত ৸/৩ আঃ ৩৲ রায়ত স্থিতিবান

২১৬ থাং ডিঃ সতীশচন্দ্র চৌধুরী দেং রসরাজ দাস দিং দাবি ১৯৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়ার সামিল মোমিনটোলা ৯১ শতকের কাত ২৻৩ আঃ ৫৲ থং ১২১৬

২৯২ থাং ডিঃ কুমার পদম সিংহ দুধোরিয়া দিং দেং নিয়াজুদ্দিন সেখ দিং দাবি ১৩।৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে ফুলগাছি ৯ শতকের কাত ॥/০ আঃ ৩৲ থং ১৪৮ রায়ত স্থিতিবান

২৯৩ থাং ডিঃ ঐ দেং আবদুল গোফুর খাঁ দিং দাবি ১৭।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে গোফুরপুর ১১ শতকের কাত ২।৮ আঃ ৫৲ থং ১৩৩০ স্বত্ব দখলীকার বসত প্রজা

২৯৪ থাং ডিঃ ঐ দেং নেবাজন বিবি দাবি ১০॥/৬ থানা ঐ মৌজে বাবুপুর ৭ শতকের কাত ॥/৩ আঃ ৩৲ থং ১০২ রায়ত স্থিতিবান

২৯৫ থাং ডিঃ ঐ দেং মহম্মদ মোল্লা দাবি ১১৸৵০ মৌজাদি ঐ ৪৬ শতকের কাত ৸৵৩ আঃ ৪৲ থং ৯, ১৪৮ রায়ত স্থিতিবান

২৯৬ থাং ডিঃ জিতুপদ মণ্ডল দিং দেং নেজাদ্দী সেখ দাবি ৩৬৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোত-কমল ২৩ শতকের কাত ৬।১৬ আঃ ১৫৲ থং ১৫৯ কোর্ফা স্বত্ব

২৩৩ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং কাদু ঘোষাণী দাবি ২৮।৩ থানা সুতী মৌজে আহিরণ ৩-৩১ শতকের কাত ৮॥/১০ আঃ ১০৲ থং ২৫১

২৩৪ থাং ডিঃ ঐ দেং যাদব বেওয়া দাবি ১৮॥/৩ মৌজাদি ঐ ১-৮৪॥০ শতকের কাত ৪॥০ আঃ ৫৲ থং ৩৫২

২৩৫ থাং ডিঃ ঐ দেং সাবিত্রী দাসী দাবি ৩২৸৶৩ মৌজাদি ঐ ৩-৫৯ শতকের কাত ৯৸৶৬ আঃ ৫৲ থং ১২৭

২৭ মনি ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং মহীন্দ্রনাথ রায় দিং দাবি ৬৭॥৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাসিয়াডাঙ্গা ৮০ শতকের কাত ১॥৵৩ আঃ ৫০৲ থং ৮৫

---

## দ্বিতল বাড়ী বিক্রয়

সহরের মধ্যস্থলে ম্যাকেঞ্জি পার্ক যাইবার রাস্তার বাম পার্শ্বে একখানি দোতালা বাড়ী বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীগৌরচন্দ্র ধর,
রঘুনাথগঞ্জ।

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৭ই সেপ্টেম্বর ১৯৫১

#### ১৯৩৯ সালের ডিক্রীজারী

২২৭ মনি ডিঃ মজিদ খাঁ দিং দেং হবিবুল সেখ দিং দাবি ২৭৷৯ থানা সুতি মৌজে হিলোড়া ৮৭ শতক লাখেরাজ আঃ ১০৲ থং ১৬৭৪

#### ১৯৪০ সালের ডিক্রীজারী

৬২৬ থাং ডিঃ সেবাইত কুমার কৃষ্ণ ঘোষ দেং বেচন সেখ দাবি ৫৫৸৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে দোগাছি ১১৭ শতকের কাত ৫৻৫ আঃ ৩০৲ থং ৬৪৪

#### ১৯৫১ সালের ডিক্রীজারী

২২৬ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং মুনসাদ সেখ দিং দাবি ৭৬॥/০ থানা সাগরদিঘী মৌজে গাঙ্গাডড্ডা ৩২৫ শতকের কাত ১২৻৩ আঃ ৫০৲ থং ১৯

২৪৪ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং কাজিবুল্লা মণ্ডল দাবি ৫১৻৬ থানা ফরাক্কা মৌজে থাপড়া ৪।৪৵০ জমির কাত ৬৸৵০ আঃ ১০৲

২৪৫ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং রহিমবকস বিশ্বাস দাবি ৯৬/০ মৌজাদি ঐ ৯।৩।০ জমির কাত ১৪৸১১ আঃ ২৫৲

২৪৬ থাং ডিঃ ঐ দেং সাজাহান মণ্ডল দাবি ২৮।৶০ মৌজাদি ঐ ১৸০ জমির কাত ২॥৵১০ আঃ ৫৲

২৪৭ থাং ডিঃ ঐ দেং শচীন মণ্ডল দাবি ২০/৯ মৌজাদি ঐ ৸৪॥০ জমির কাত ১॥৵৪ আঃ ৫৲

২৪৮ থাং ডিঃ ঐ দেং পঞ্চানন সিংহ দাবি ২৫॥৵৬ মৌজাদি ঐ ১৸৩৮৶০ জমির কাত ২৸৶৭ আঃ ৫৲

[পর পৃষ্ঠা দেখুন

( পূর্ব্ব পৃষ্ঠার জের )

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৭ই সেপ্টেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

১২৮ খাং ডিঃ কুমার নৃপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং কালীপ্রসাদ সিংহ দাবি ২১৮৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে বহড়াগাছি ৩১৬ শতকের কাত ৫।/১ নিজাংশে ২॥৵১০॥০ আঃ ১৫৲

১২৯ খাং ডিঃ ঐ দেং লক্ষ্মীনারায়ণ সিংহ দিং দাবি ১৫॥/৯ মৌজাদি ঐ ৫৮ শতকের কাত ১।০ নিজাংশে ॥৵০ আঃ ৫৲

১৩০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫।৵৬ মৌজাদি ঐ ৪৯ শতকের কাত ১৵১০ নিজাংশে ॥/৫ আঃ ২৲

১৮৮ খাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং কেনেজ বিবি দাবি ১১॥৵৬ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ২৫ শতকের কাত ১৻৩ আঃ ৫৲

১৮৯ খাং ডিঃ ঐ দেং নুরুননেসা বিবি দাবি ৪৩/৬ মৌজাদি ঐ ২-৩২ শতকের কাত ৮।৵৩ আঃ ৪০৲ খং ৫১০

৩২ খাং ডিঃ কঃ ম্যাঃ গোবিন্দভূষণ চৌধুরী দেং কাসেমালী সেথ দিং দাবি ৫৫৮৵৯ থানা সাগরদীঘি মৌজে কৈয়ড় ২-৫৬ শতকের সেস ৮৶৬ আঃ ৩০৲ খং ৫২৫

২১৪ খাং ডিঃ সেবাইত মহান্ত ভগবান দাস দেং নাবের সেথ দাবি ১২৩॥৵৩ থানা সাগরদীঘি মৌজে বেলইপাড়া ২-৫৩ শতকের কাত ১৮।৶৬ আঃ ১০০৲ খং ১৩৬

২১৫ খাং ডিঃ ঐ দেং সাগু সেথ দাবি ১০৭॥৩ মৌজাদি ঐ ৩-২১ শতকের কাত ১৮৮৵০ আঃ ১০০৲ খং ১৪০

২১৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭৯।৩ মৌজাদি ঐ ১-৭৯ শতকের কাত ১৩॥/৬ আঃ ৬০৲ খং ১৬৭


২১৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০॥৩ মৌজাদি ঐ ৫ শতকের কাত ৮/১ আঃ ৫৲ খং ১৬৮

২২২ খাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং জনার্দ্দন মাল দিং দাবি ১২॥৵৩ থানা সাগরদীঘি মৌজে গোপাড়া ১০ শতকের কাত ১৲ আঃ ৲ খং ১৪৭





# সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি.কে.সেন এণ্ড কোং লি:
জবাকুসুম হাউস, কলিকাতা


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত